



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/২২৪

তারিখ: ২৮-০২-২০২২ খ্রি.

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন প্রসঙ্গে

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে অবগত করা যাচ্ছে যে, নবম শ্রেণিতে ভর্তি ও নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত তথ্য নিম্নে প্রদত্ত সময় ও বিষয় অনুযায়ী আপলোড করতে হবে-

- ১। জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে অবশ্যই শিক্ষার্থীকে নবম শ্রেণিতে ভর্তি হতে হবে। জেএসসি ২০১৯, জেএসসি ২০২০ উত্তীর্ণ শিক্ষার্থীরা এবং জেএসসি ২০২১ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত শিক্ষার্থীরা স্ব স্ব বিদ্যালয় থেকে প্রশংসাপত্র গ্রহণপূর্বক যেকোন বিদ্যালয়ে ৯ম শ্রেণিতে ভর্তি হতে পারবে। সে ক্ষেত্রে বোর্ডের পূর্বানুমতি প্রয়োজন হবে না। ৯ম শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নাম্বারসহ সকল তথ্য অনলাইনে আপলোড করতে হবে। অনলাইনে আপলোডকৃত তথ্য না থাকলে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।
- ২। নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস ১৭ নম্বর ক্রমিকে উল্লিখিত সময়ে জমা দিতে হবে। ব্যাংক থেকে প্রদত্ত সোনালী সেবার তথ্য অনলাইনের মেন্যুতে বর্ণিত নিয়ম অনুযায়ী দাখিল করতে হবে। কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়। ব্যাংক থেকে প্রদত্ত সোনালী সেবার জমাদানকারীর অংশ সংরক্ষণ করতে হবে।
- ৩। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করতে হবে এবং কমিটি আপলোডকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষরসহ প্রধান শিক্ষকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।
- ৪। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদেরকে নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠানে নিবন্ধনের কাজ করা যাবে না।
- ৫। শিক্ষার্থীদের তথ্য আপলোডকৃত হার্ডকপি (প্রিন্ট কপি) এর সাথে পরবর্তীতে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশোধন করতে হবে। প্রয়োজনে সংরক্ষণের জন্য প্রধান শিক্ষকের স্বাক্ষরিত নিবন্ধনের তথ্য কপি (প্রিন্ট কপি) বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।
- ৬। ১ মার্চ ২০২২ খ্রি. তারিখে ৯ম শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য নিবন্ধনের জন্য অনলাইনে প্রদান করতে হবে। নিবন্ধনের ক্ষেত্রে শ্রেণি রোলার ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশত কোন শিক্ষার্থী নিবন্ধন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।
- ৭। নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের শাখা/বিষয় পরিবর্তনের কাজ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৩০ জুন এর মধ্যে করতে পারবে। এ ক্ষেত্রে বোর্ডের পূর্বানুমতি প্রয়োজন হবে না।
- ৮। ০১ জুলাই ২০২২ খ্রি. তারিখ থেকে ৩১ জুলাই ২০২২ খ্রি.তারিখ পর্যন্ত শাখা/বিষয় পরিবর্তন করতে হলে শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত টাকা মাত্র) ফিস প্রদান করে অনলাইন আবেদন করতে হবে। ৩১ জুলাই ২০২২ খ্রি. তারিখের পর শাখা/বিষয় পরিবর্তন করতে হলে অবশ্যই শিক্ষার্থী প্রতি ৮০০/- (আটশত টাকা মাত্র) ফিস প্রদান করে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে শাখা ও বিষয় সংশোধন/পরিবর্তনের নিয়মাবলি নিম্নরূপ:
যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করুন।
বামপাশের Our Services থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
বামপাশের মেন্যুবার থেকে Group & Subject Change→ Create Application মেন্যুতে ক্লিক করুন।
শ্রেণি নির্বাচন করে ছাত্র-ছাত্রীর Student ID দিয়ে Find বাটনে ক্লিক করুন।
ফরমটি যথাযথভাবে পূরণ করে Submit করুন। সাবমিট করার পর সোনালী পেমেট গेटওয়ার মাধ্যমে সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।
- ৯। জেলা/উপজেলা বয়েজ স্ক্রাউট/গার্লস গাইড ফিস বকেয়াসহ (যদি থাকে) পরিশোধ করে রশিদ দাখিল করতে হবে।
- ১০। শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফিসের বেশি অর্থ কোনক্রমেই আদায় করা যাবে না।
- ১১। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরীরত কোন কর্মকর্তা-কর্মচারী বদলিজনিত কারণে তাঁর সন্তানকে বোর্ড পরিবর্তন করে বিদ্যালয় পরিবর্তন করতে চাইলে বদলি আদেশের ০৩ (তিন) মাসের মধ্যে বদলিকৃত স্থানের বিদ্যালয়ে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করতে পারবেন। সেক্ষেত্রে বোর্ডের কোন পূর্বানুমতি বা ফিস লাগবে না। যশোর বোর্ডের অধীনে এক বিদ্যালয় হতে অন্য বিদ্যালয়ে বদলির ক্ষেত্রে পূর্বানুমতি বা ফিস লাগবে না, কেবলমাত্র বদলি আদেশের ভিত্তিতে পাঠরত বিদ্যালয়কে ছাড়পত্র প্রদান করতে হবে। ভর্তি গ্রহণকারী বিদ্যালয় ছাড়পত্র, বদলি আদেশ ও যোগদান পত্রের ভিত্তিতে ভর্তি করবেন এবং ভর্তি গ্রহণকারী বিদ্যালয়ের প্রধান শিক্ষক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত ভর্তি অনুমোদনের জন্য বোর্ডে আবেদন করবেন। উক্ত আবেদনের সংঙ্গে ছাড়পত্র, বদলি আদেশ ও যোগদান পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। ৩০ (ত্রিশ) দিন অতিক্রান্ত হলে ফিসবাবদ নির্ধারিত ৮০০/- (আটশত টাকা মাত্র) টাকা সোনালী পেমেট গेटওয়ার মাধ্যমে সোনালী ব্যাংকে জমা দিতে হবে।

অতিরিক্ত প্রতিলিপ

- ১২। অন্য বোর্ড হতে আগত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্বতন বোর্ডের নিবন্ধন রশিদ (প্রাপ্তির পর) বোর্ডে জমা দিতে হবে। শিক্ষার্থী বিভাগ ও বিষয় ভর্তিচ্ছ বিদ্যালয়ে পড়বার জন্য বোর্ডের অনুমতি থাকলেই ভর্তি করা যাবে। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত ভিন্ন অন্য কোন ব্যক্তি তার শোষণকে যুক্তিসংগত কারণ থাকলে ৮০০/- (আটশত টাকা মাত্র) টাকা ফিস প্রদানপূর্বক বোর্ডের আওতাধীন যেকোন বিদ্যালয়ে ভর্তির জন্য অনলাইনে ছাড়পত্রের (ইটিসি) অনুমতি প্রাপ্তির আবেদন করতে পারবেন। ছাড়পত্রের (ইটিসি) অনুমতির জন্য অনলাইনে আবেদনের সময়সীমা ৯ম শ্রেণির জন্য ১ মার্চ হতে ৩১ অক্টোবর ২০২২ পর্যন্ত এবং ১০ম শ্রেণির জন্য ১ মার্চ হতে ফরম ফিলআপের পূর্ব পর্যন্ত চলমান থাকবে। কোন অবস্থাতেই উল্লিখিত সময়ের পর ছাড়পত্রের (ইটিসি) অনুমতি প্রদান করা হবে না। উল্লিখিত সময়ের পর সকল প্রধান শিক্ষককে কোন অবস্থাতেই ছাড়পত্রের আবেদনে সুপারিশ/স্বাক্ষর না করার জন্য অনুরোধ করা হলো। বোর্ডের অভ্যন্তরে (e-TC) এবং আঞ্চলিক বোর্ড বদলী/ছাড়পত্র (e-BTC) অনলাইনে আবেদন এবং সোনালী সেবা করার নিয়মাবলি নিম্নরূপ:

- # যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করুন।
- # বামপাশের Our Services থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
- # প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
- # বামপাশের মেনুবার থেকে e-TC Application → Create Application মেনুতে ক্লিক করুন।
- # আবেদন ফরম পূরণ করে সাবমিট করুন। সাবমিট করার পর সোনালী পেমেট গেটওয়ের মাধ্যমে সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।
- # সোনালী ব্যাংকে ফিস জমা হলে এবং ভর্তিচ্ছ বিদ্যালয় কর্তৃক অনলাইনে একই প্যানেল থেকে গ্রহণ (Accept) করলে স্বয়ংক্রিয়ভাবে e-TC আবেদন অনুমোদন হয়ে যাবে। অনুমোদনের পর একই প্যানেল থেকে চিঠি প্রিন্ট করা যাবে।
- # আঞ্চলিক বোর্ড ইটিসি (e-BTC) এর ক্ষেত্রে উপরে বর্ণিত একই পদ্ধতি অনুসরণ করতে হবে। তবে ভর্তিচ্ছ বিদ্যালয় কর্তৃক অনলাইনে গ্রহণ (Accept) করার প্রয়োজন নেই।

- ১৩। নিবন্ধনের সময় লক্ষ্য রাখতে হবে যে, কোন শিক্ষার্থীর বয়স পরীক্ষাবর্ষে ০১ জানুয়ারিতে অবশ্যই ন্যূনতম ১৪ বছর ০১ (এক) দিন এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ২০ বছর।

- ১৪। বিদ্যালয়ে চতুর্থ বিষয়সমূহের ও বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখার স্থায়ী অনুমতি না থাকলে প্রতি বিষয়ের জন্য ২০০০/- (দুই হাজার টাকা মাত্র) ও প্রতি শাখার জন্য ৩০০০/- (তিন হাজার টাকা মাত্র) টাকা পরীক্ষার বিশেষ অনুমতি ফিসসহ অনলাইনে আবেদন করতে হবে। উদ্ভেদ্য, উচ্চ বিষয় ও শাখাসমূহ পাঠদানের জন্য বিষয় ও শাখাভিত্তিক উপযুক্ত শিক্ষক, কাম্যসংখ্যক শিক্ষার্থী, শিক্ষা সরঞ্জাম ও অবকাঠামো অবশ্যই থাকতে হবে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক পরীক্ষার বিশেষ অনুমতির আবেদনপূর্বক বোর্ডের অনুমতি গ্রহণ করবেন, অন্যথায় ঐ সকল শাখা/বিষয়ের শিক্ষার্থীদের তথ্য অনলাইনে প্রেরণ করা যাবে না।

- ১৫। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত মোবাইল নম্বরগুলো হতে সহায়তা পাওয়া যাবে। মোবাইল নম্বর: ০১৭৪৭-২৮৯৫১৯, ০১৭১৫-৮৫১১৪৫

- ১৬। ক) ৯ম শ্রেণির শিক্ষার্থীদের ফিসের হার (শিক্ষার্থী প্রতি)

ক্রমিক	ফিসের প্রকার	টাকা (শিক্ষার্থী প্রতি)
০১।	নিবন্ধন ফিস	১০০/-
০২।	ক্রীড়া ফিস	৫০/-
০৩।	বয়েজ ফাউন্ট/গার্লস গাইড ফিস	১৫/-
০৪।	বিজ্ঞান ও প্রযুক্তি	০৫/-
০৫।	রেড ক্রিসেন্ট ফিস	২০/-
০৬।	বিএননিসি	০৫/-

শিক্ষার্থী প্রতি মোট ফিস (বিলম্ব ফিস ব্যতীত): ১৯৫/- (একশত পঁচানব্বই টাকা মাত্র) টাকা হতে রেড ক্রিসেন্ট ফিস ২০/- (বিশ টাকা মাত্র) টাকার ৬০% = ১২/- (বার টাকা মাত্র) টাকা বাদ = ১৮৩/- (একশত তিরিশি টাকা মাত্র) টাকা।

- খ) শিক্ষার্থী প্রতি বিলম্ব নিবন্ধন ফিস ৫০/- (পঞ্চাশ টাকা মাত্র) টাকা।

- গ) শিক্ষার্থী প্রতি রেড ক্রিসেন্ট ফিস ২০/- টাকা হারে আদায় করে আদায়কৃত অর্থের ৬০% সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০% শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে।

- ঘ) অন্যান্য ফিসের হার (প্রতিষ্ঠান প্রতি)


ক্রমিক	ফিসের প্রকার	টাকা (প্রতিষ্ঠান প্রতি)
০১।	পাঠ্যসূচি ও মান বটন ফিস	৫১/-
০২।	বার্ষিক ক্রীড়া অধিভুক্তি ফিস	৩০০/-
০৩।	বার্ষিক বয়েজ ফাউন্ট/গার্লস গাইড অধিভুক্তি ফিস	২০/-

বিদ্যালয় প্রতি মোট ফিস : ৩৭১/- (তিন শত একাত্তর টাকা মাত্র) টাকা।

অপর পাতায় দেখুন

১৭। অনলাইনে নিবন্ধনকরণের সময়সূচি

বিবরণ	তারিখ
বিলম্ব ফিস ব্যতীত নিবন্ধনকরণের তারিখ	০১-০৩-২০২২ থেকে ২৫-০৩-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত
বিলম্ব ফিসসহ নিবন্ধনকরণের তারিখ	২৭-০৩-২০২২ থেকে ১৫-০৪-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত



 28.02, 2022
 (ড. বিশ্বাস শাহিন আহমদ)
 বিদ্যালয় পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
 যশোর।
 ফোন নং- ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/২২৪

তারিখ: ২৮-০২-২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৩। উপ-পরিচালক (হিওনি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ৯। সংরক্ষণ নথি।


 28/02/22
 (মোহাম্মদ জাহানারা বেগম)
 উপ- বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন)
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
 যশোর
 ফোন নং- ০৪২১-৬৮৬৯৮